



টাইব্রেকারে অস্ট্রেলিয়াকে হারিয়ে শেষ ষোলোতে মিশর



ছবি: সংগৃহীত

বিশ্বকাপের রাউন্ড অব ৩২-এ উত্তেজনাপূর্ণ এক ম্যাচে অস্ট্রেলিয়াকে টাইব্রেকারে ৪-২ ব্যবধানে হারিয়ে শেষ ষোলো নিশ্চিত করেছে মিশর। ১২০ মিনিটের লড়াইয়ে ১-১ সমতা থাকায় ম্যাচের নিষ্পত্তি হয় টাইব্রেকারে।

টেন্সাসের ডালাস স্টেডিয়ামে অনুষ্ঠিত ম্যাচে শুরুতেই ছন্দ খুঁজে পায় মিশর। ১৩ মিনিটে ইমান আশুর গোল করে দলকে এগিয়ে দেন। সেই ব্যবধান নিয়েই প্রথমার্ধ শেষ করে আফ্রিকার প্রতিনিধিরা।

বিরতির পর অস্ট্রেলিয়া সমতায় ফেরে মিশরের আত্মঘাতী গোলে। এরপর নির্ধারিত সময় এবং অতিরিক্ত সময়জুড়ে দুই দলই আক্রমণ চালালেও আর কোনো গোল হয়নি।

ফলে ম্যাচ গড়ায় টাইব্রেকারে। সেখানে মিশরের খেলোয়াড়রা দুর্দান্ত স্থিরতা দেখিয়ে চারটি শটই জালে পাঠান। বিপরীতে অস্ট্রেলিয়ার দুটি প্রচেষ্টা ব্যর্থ হওয়ায় চতুর্থ শটের পরই জয় নিশ্চিত হয়ে যায় মিশরের।

এই সাফল্যের মধ্য দিয়ে প্রথমবারের মতো বিশ্বকাপের শেষ ষোলোতে জায়গা করে নিল মিশর। ১৯৩৪ সালে তারা একবার নকআউট পর্বে খেলেছিল, তবে সে সময় পুরো আসরই নকআউট ভিত্তিতে অনুষ্ঠিত হয়েছিল।

কোয়ার্টার ফাইনালে ওঠার লড়াইয়ে আগামী ৭ জুলাই আর্জেন্টিনা ও কেপ ভার্দে মধ্যকার ম্যাচের বিজয়ীর মুখোমুখি হবে মিশর। বাংলাদেশ সময় রাত ১০টায় শুরু হবে ম্যাচটি।